দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 AUG 1995 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৫...

০৭

## শিক্ষা কর্মকর্তার গাফিলতিতে দেড় হাজার শিক্ষক সরকারী অনুদান হইতে বঞ্চিত

চলনবিল সংবাদদাতা ।। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার ভুল ও দায়িত্বহীনতার কারণে সিরাজগঞ্জ জেলার ৯টি থানার ৩ শত ৭৫টি নিবন্ধনকৃত বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের দেড় হাজার শিক্ষকের বেতন খাতে সরকারী অনুদান ভণ্ডুল হইয়া গিয়াছে।

প্রকাশ, গ্রাম পর্যায়ে প্রাথমিক শিক্ষার প্রসার লক্ষ্যে সরকার বে-সরকারী রেজিষ্টার্ড প্রাথমিক

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### শিক্ষা কর্মকর্তার

( ৩য় পৃঃ পর )

বিদ্যালয়ের শিক্ষকগণকে বেতন-ভাতা বাবদ অনুদান প্রদান শুরু করিয়াছে। সিরাজগঞ্জ জেলার ৯টি থানার দেড় হাজার প্রাথমিক বিদ্যালয় ১৯৯৪ সালের মার্চ মাসের মধ্যে নিবন্ধন পাইয়াছে। এই সকল বিদ্যালয়ের শিক্ষকগণকে অনুদানের টাকা প্রদানের পূর্বশর্ত হিসাবে যাচাই-বাছাই করার জন্য মহাপরিচালকের কার্যালয় হইতে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার উপর দায়িত্ব প্রদান করা হয়। নিয়মমত চলতি বছর জানুয়ারী মাসে যাচাই-বাছাই করিয়া দেড় হাজার শিক্ষকের নামের তালিকা পাঠান হয়। কিন্তু উক্ত তালিকায় শিক্ষক-দের পরীক্ষা পাসের সন ও বিভাগ উল্লেখ না থাকায় তাহাদের ভাগ্যে অনুদানের টাকা জুটে নাই।

গত ১৩ই জুলাই উপ-পরিচালকের স্বাক্ষরিত পত্রে উল্লেখ করা হয়, উল্লিখিত কারণে এ বছর তাহাদের অনুদান সম্পর্কে বিবেচনা করা সম্ভব হইল না। পত্রে আরও উল্লেখ করা হয়, শিক্ষক-দের পরীক্ষা পাসের সন ও বিভাগ উল্লেখ না করা জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দায়িত্বহীনতার পরিচায়ক।